আমদহ ইউপি নির্বাচনে নৌকার প্রচারণায় কেন্দ্রীয় নেত্রী

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের পথসভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে আমদাহ ইউনিয়নের আশরাফপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে এ পথসভা অনুষ্ঠিত হয়।

আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি এ্যাড: শরিফুল ইসলামের সভাপতিত্বে পথ সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় আওয়ামী লীগের কার্যনির্বাহী কমিটির সদস্য পারভীন জামান কল্পনা।

ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক অ্যাড. কাজী সহিদুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, আব্দুল মান্নান ছোট, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, জেলা আওয়ামী লীগের সাবেক আইন বিষয়ক সম্পাদক এডভোকেট খন্দকার আব্দুল মতিন, জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, সদর উপজেলা উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু, সাধারণ সম্পাদক ও বারাদি ইউপি চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন, মেহেরপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট খ ম হারুন ইমতিয়াজ বিন জুয়েল , জেলামহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা লাভলী ইয়াসমিন ,কেন্দ্রীয় মহিলা আওয়ামী লীগের সদস্য ও জেলা মহিলা আওয়ামী লীগের সাবেক সভাপতি শামীমা আরা হীরা।

এছড়াও উপস্থিত ছিলেন জেলা আইনজীবী সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাডভোকেট আব্দুল আল মামুন রাসেল, জেলা তাঁতীলীগের আহবায়ক নুর ইসলাম সুবাদ, ইউনিয়ন যুবলীগের সভাপতি বাইজিদ আহমেদ সুইট, যুগ্ম সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হিরা, সদর উপজেলা ছাত্রলীগের জুলকারনাইন বায়েজিদ, কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সহ-সম্পাদক তানভীর আহমেদ, কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন প্রমূখ।